newsnext bd.com
(https://bangla.newsnextbd.com) Friday, November 20th, 2020

English Version (https://newsnextbd.com) (https://bd.linkedin.com/) (https://plus.google.com/) (https://twitter.com/newsnextbd) (https://www.facebook.com/newsnextbd/)

অনুসন্ধান

বাস-অটোরিকশার সংঘর্ষে ৭ জন নিহত (https://bangla.newsnextbd.com/%e0%a6%ac%e0%a6%be%e0%a6

একজন বেলাল চৌধুরী ও অদম্য সাহসিকতার গল্প

November 20th, 2020 at 10:56 am

734 Share Tweet 734 Like

লেখক: রুদ্রো সাইফুল – ঢাকা ২০ নভেম্বর ২০২০।

বর্তমান সময়কালে তিনি একজন কর্মমূখর চৌকস-নিরলস মেধাবী সরকারি কর্মকর্তা, শুধুমাত্র সরকারি চাকুরির রুটিন বৃত্তে বন্দি হয়ে থাকেননি তিনি। বরং দক্ষতা, মেধা ও দেশপ্রেমের সমন্বয়ে তিনি প্রতিনিয়ত নিজেকে প্রস্তুত করেছেন লাল-সবুজের এই জাতিরাষ্ট্রের মানুষের জন্য নিবেদিতপ্রাণ হয়ে উঠতে। তিনি মোহাম্মদ বেলাল হোসেন চৌধুরী কমিশনার অব কাস্টমস অ্যাট কাস্টমস এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারেট, কুমিল্লা। কুমিল্লার আগে তিনি ছিলেন বেনাপোল স্থল বন্দরের কমিশনার অব অ্যাট কাস্টমস এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারেট। সাহসীকতার সঙ্গেই তিনি বেনাপোলে বন্দরকে সামলে নিয়ে আধুনিক ও তড়িৎ গতির কাস্টমস্ ব্যবস্থা গড়ে তুলেছেন সম্পূর্ণ নিজের প্রচেষ্টায়।

বিগত বছরগুলোতে তারুণ্যদীপ্ত উদ্যোগ, বহুল কাঙ্ক্ষিত সংস্কার, সকলের জন্য তড়িৎ গতিতে সেবার দ্বার উন্মোচনের সাথে রাজস্ব সংগ্রহসহ বহুমুখী সফলতার শিরোনাম হয়েছেন বেলাল চৌধুরী। অর্জন করেছেন বিশ্বব্যাংক স্বীকৃত দেশসেরা কাস্টমস কমিশনার এবং ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন কতৃক পুরস্কার। মানবিকতা ও দেশপ্রেমকে সঙ্গে নিয়ে চলেছেন তিনি। কখনোই আপস করেননি কালোবাজারি আর দেশবিরোধীদের সাথে।

তিনি যেমন বেনাপোলে আড়াই টন ওজনের ভায়াগ্রা পাউডার আটক করে সংবাদের শিরোনাম হয়েছেন, অন্যদিকে ভয়ঙ্কর মাদকসন্ত্রাসী প্রভাবশালী মাফিয়া চক্রের চক্ষুশূলও হয়েছেন। তবুও দমে যাননি তিনি, লড়েছেন নব উদ্যমে। দেশের সবচেয়ে বড় স্থল বন্দর বেনাপোল কাস্টমস হাউজ সমৃদ্ধ হয়েছে তার সময়ানুগ সংস্কারে, তার নেতৃত্বে অসংখ্য সেবাধর্মী উদ্যোগে বেনাপোল হয়ে উঠেছে বিশ্বমানের কাস্টমস হাউজ। বেড়েছে সেবার সক্ষমতা। মাত্র একজন বেলাল চৌধুরী বদলে দিয়েছেন বেনাপোল স্থল বন্দরকে।

বেলাল চৌধুরী বদলে যাওয়া বেনাপোলের সফলতার গল্পের শিরোনাম হয়েছেন অসংখ্যবার। এরপর যখন তিনি বদলির সূত্রে কুমিল্লা কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের দায়িত্ব নিলেন সেখানেও তিনি বদলে দিলেন, আমুল পরিবর্তন আনলেন। বেনাপোল থেকে কুমিল্লা, আরো বেশি কর্মদীপ্ত হয়ে উঠলেন প্রজাতন্ত্রের এই গুরুত্বপূর্ণ কর্মকর্তা। করোনাকালীন এই সময়ে ব্যতিক্রমী শুধু কুমিল্লা কাস্টমস্এ ক্সাইজ ও ভ্যাট কমিশনারেট। বেলাল চৌধুরীর নেতৃত্বে রাজস্ব আহরণে যথারীতি দেশসেরা আজ কুমিল্লা। বলা চলে কর্মজীবনে সফলতার অনন্য উদাহরণ মোহাম্মদ বেলাল হোসেন চৌধুরী। আর তার সাহসীকতার দুয়েকটি ঘটনা উল্লেখ না করলে অসম্পূর্ণ থেকে যাবে এই নিবন্ধ।

এশিয়ার সর্ববৃহত ভায়াগ্রার চালান বেনাপোলে আটক:

মিথ্যা ঘোষণা দিয়ে ভারত থেকে আমদানিকৃত ১২ কোটি টাকা মূল্যের আড়াই টন (২,৫০০ কেজি) ওজনের 'ভায়াগ্রা'র একটি চালান আটক করেছে বেনাপোল কাস্টমস কর্তৃপক্ষ। ২০১৯ সালের আগস্ট দুপুরে বেনাপোল কাস্টমস ক্লাবে এক অতিব জরুরি প্রেস কনফারেন্সে কাস্টমস কমিশনার মোহাম্মদ বেলাল হোসেন চৌধুরী সাংবাদিকদের এ তথ্য জানান।

কাস্টমস সুত্র জানায়, ঢাকার আমদানিকারক প্রতিষ্ঠান মিডফোর্ডের বায়েজিদ এন্টারপ্রাইজ মিথ্যা ঘোষণা দিয়ে ভারত থেকে আড়াই হাজার কেজি 'সোডিয়াম স্টার্চ গ্লাইকোলেট' আমদানি করেন। যার এলসি নং-৯৪৬১৯০১০৩৪২ তারিখ: ২১/০৫/২০১৯। কাস্টমস মেনিফেস্ট নাম্বার- ১৯১৯৩ তারিখ:২৬/০৫/২০১৯, যার বিল অব এন্ট্রি নম্বার -সি-৩৬৪৯৬, তারিখ: ২৯/০৫/২০১৯।

রাজস্ব পরিশোধ করে বন্দর থেকে খালাস নেবার সময় গোপন সূত্রে খবর পেয়ে ২০১৯ সালের ৩ জুলাই বিকালে কাস্টমস কর্মকর্তারা পণ্য চালানটি আটক করে। পরে কাস্টম হাউসের নিজস্ব অত্যাধুনিক ল্যাবে পরীক্ষা শেষে ভায়াগ্রার বিষয়টি নিশ্চিত করা হয়।

পরবর্তীতে অধিকতর নিশ্চিত হওয়ার জন্য অত্যন্ত স্পর্শকাতর পণ্য বিবেচনায় পণ্যের নমুনা বুয়েট, বিসিএসআইআর, খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (কুয়েট) ও ওষুধ প্রশাসন অধিদফতরে পাঠানো হয়। দীর্ঘ ২ মাস পর বুয়েট ও বিসিএসআইআর পরীক্ষা শেষে পণ্য চালানটি 'সোডিয়াম স্টার্চ গ্লাইকোলেট' বলে প্রতিবেদন দায়ের করে। কাস্টমস কর্তৃপক্ষ বিষয়টি আবারও ঢাকার ওষুধ প্রশাসন ও কুয়েটে পরীক্ষার জন্য নমুনা প্রেরণ করে। সেখানে পরীক্ষা করে ৯৯.০৮% ভায়াগ্রা পাওয়া গেছে বলে পরীক্ষা প্রতিবেদনে উল্লেখ করা হয়। প্রতিবেদন প্রাপ্তির পরেই অপ-ঘোষণার বিষয়টি নিশ্চিত হয় কাস্টমস কর্তৃপক্ষ।

বিশ্ব কাস্টমস সংস্থার ১৮২ সদস্য দেশকে মাদক, বিস্ফোরক ও এ ধরনের ক্ষতিকর পণ্য চোরাচালানের বিষয়ে দীর্ঘদিন সর্তকবার্তা দিলেও বাংলাদেশেই বিশ্বের প্রথম এ ধরনের বড় চালান বোনাপোলের কাস্টমস্ কমিশনার মোহাম্মদ বেলাল হোসেন চৌধুরীর নেতৃত্বে আটক করা হল। বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডকে জানানো হলে তারা ভবিষ্যতে আরও সতকর্তার সাথে কাজ করার নির্দেশনা দেন বেনাপোল কাস্টমস হাউস কমিশনার মোহাম্মদ বেলাল হোসেন চৌধুরীকে।

ওই পণ্য চালানটি টেস্টে পাঠানোর আগেই ছেড়ে দেয়ার জন্য বিভিন্ন প্রভাভশালী মহল থেকে কমিশনার মোহাম্মদ বেলাল হোসেন চৌধুরীকে জীবননাশেরও হুমকি দেয়া হয়। এত ভয় ও জীবন হারানোর আশংকা থাকার পরেও মোহাম্মদ বেলাল হোসেন চৌধুরী দমে যাবার পাত্র নন। নতুন উদ্যোমে নতুন তিনি যাত্রা শুরু করেন। তারুণ্য নির্ভর কাস্টমস্ ব্যবস্থা গড়ে তোলার জন্য আপ্রাণ চেষ্টা করে যাচ্ছেন তিনি।

কুমিল্লায় বিপুল পরিমান ফেনসিডিল আটক:

২০১১ সালে কুমিল্লা কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট প্রতিষ্ঠার পর এই প্রথম ফেনসিডিলের বড় একটি চালান আটক করলো কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট টিম। এ বছরের ১০ নভেম্বর গভীর রাতে ৫৮১ বোতল ফেনসিডিল বোতলসহ একটি কাভার্ড ভ্যান (লক্ষ্মীপুর ট-১১-০০০৭) আটক করা হয়েছে। কুমিল্লা কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনার মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী এ তথ্য নিশ্চিত করেছেন।